



# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ নং অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

"শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ"  
১৫৪৪৫

বামাশিবো/প্রশা/খুলনা-৩৭/

তারিখঃ /০৫/২০১৭ খ্রিঃ

**বিষয়ঃ তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, খুলনা জেলার তেরখাদা উপজেলাধীন আটলিয়া সিদ্দিকিয়া আলিম মাদরাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ কর্তৃক ০৫/০১/২০১৭ইং তারিখের পত্র মোতাবেক বক্তব্য পর্যালোচনায় দেখা যায় যে, অধ্যক্ষ জনাব মোঃ কবিরুল ইসলামের ১৩/০১/২০১৫ইং তারিখের দরখাস্ত বিষয়ে ভারপ্রাপ্ত অধ্যক্ষের বক্তব্য ও সংযুক্ত কাগজপত্র পর্যালোচনায় সুনির্দিষ্ট কারণে সাময়িক বরখাস্ত থাকায় তাঁকে মাদরাসায় পূর্ণ বেতন-ভাতাসহ যোগদানের আপাততঃ আইনগত কোন সুযোগ নাই।

ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব শেখ মাহমুদ হাসানের জবাব পর্যালোচনায় দেখা যায় যে, "অত্র মাদরাসার সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ জনাব মোঃ কবিরুল ইসলাম এর বিরুদ্ধে খুলনা জেলার তেরখাদা থানায় গত ২২/১১/২০১৩ইং তারিখে ১৯০৮ সালের বিকোরক দ্রব্য আইনের ৩ ক ধারায় পুলিশকে লক্ষ্য করে ইট পাটকেল নিক্ষেপ এবং তাদেরকে হত্যা করার উদ্দেশ্যে বোমা নিক্ষেপ ও থানা আক্রমণের অভিযোগে পুলিশ বাদী মামলা হয়। ঐ মামলায় তিনি ০২/১২/২০১৩ইং তারিখে পুলিশ কর্তৃক গ্রেফতার হন, তিনি গ্রেফতার হওয়ার পর গভার্নিং বডি গত ০২/০১২/২০১৩ইং তারিখে তাকে সাময়িক বরখাস্ত করে। উল্লিখিত মামলায় তিনি ৩০/০১/২০১৪ইং তারিখে জামিন লাভ করে তেরখাদা উপজেলা বাংলাদেশ জামায়াত ইসলামীর আমীর পদে থেকে সন্ত্রাসী কর্মকান্ড পরিচালনা করতে থাকেন। এ অবস্থায় তিনি পুনরায় ১১/০৪/২০১৪ইং তারিখে পুলিশ কর্তৃক গ্রেফতার হন এবং গ্রেফতারের মুহূর্তে মাদরাসায় তার অফিসকক্ষে রক্ষিত আলমারী থেকে অস্ত্র ও গেলাবারুদ উদ্ধার করা হয়। এই মামলায় পুলিশ তার বিরুদ্ধে আদালতে চার্জশীট দাখিল করেছেন (মামলার এজহার ও চার্জশীটের কপি সংযুক্ত)।"

এমতাবস্থায় ভারপ্রাপ্ত সুপার কর্তৃক উপরোক্ত বর্ণিত তথ্যের সত্যাসত্য যাচাই পূর্বক একটি প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারীর বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক (১২) পাতা।

৫০৭/—  
প্রফেসর মোঃ মজিবুর রহমান  
রেজিষ্টার  
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।  
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ উপজেলা নির্বাহী অফিসার, তেরখাদা, খুলনা।

বামাশিবো/প্রশা/খুলনা-৩৭/ ১৫৬৩/১৭

তারিখঃ ০৫/০৫/২০১৭ খ্রিঃ।

**অনুলিপিঃ সদয় অবগতির জন্য**

- ১। জেলা প্রশাসক, খুলনা।
- ২। জেলা শিক্ষা অফিসার, খুলনা।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তেরখাদা, খুলনা।
- ৪। সভাপতি, গভার্নিং বডি, আটলিয়া সিদ্দিকিয়া আলিম মাদরাসা, পোঃ আটলিয়া, উপজেলা: তেরখাদা, জেলা: খুলনা।
- ৫। ভারপ্রাপ্ত অধ্যক্ষ, আটলিয়া সিদ্দিকিয়া আলিম মাদরাসা, পোঃ আটলিয়া, উপজেলা: তেরখাদা, জেলা: খুলনা।
- ৬। পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৭। অফিস কপি।

মোঃ মজিবুর রহমান  
উপ-রেজিষ্টার (প্রশাসন)  
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।  
ফোনঃ ৯৬৭৪৮৭৪